# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

**৩৭/এ দিলকুশা বা/এ**

**ঢাকা-১০০০**

www.idra.org.bd

## প্রজ্ঞাপন

তারিখ: -------------------------------------- বঙ্গাব্দ/-------------------------------------- খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং -------------আইন/২০২৫।-** বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রবিধানমালার-

(১) প্রবিধান ৩ এর-

(ক) দফা (খ) এ 'উহার অব্যবহিত নিম্নপদে অন্যূন ২ (দুই) বৎসরের' পরিবর্তে 'অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে অন্যূন ১ (এক) বৎসর বা উপব্যবস্থাপনা পরিচালক হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের' সংখ্যা, বন্ধনী ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এ বাক্যের শেষাংশে 'অভিজ্ঞতা;' এর পর 'অথবা' শব্দসহ নিম্নরূপ শব্দসমূহ, সংখ্যা, বন্ধনী ও সেমিকোলন সংযোজিত হইবে, যথা:-

"বাণিজ্যিক ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হিসাবে অন্যূন ১ (এক) বৎসর বা উপব্যবস্থাপনা পরিচালক হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যিক ব্যাংক ব্যবসায় অন্যূন ১৫ (পনের) বৎসরের কাজের অভিজ্ঞতা;"

(গ) দফা (খ) এর উপ-দফা (অ) এ 'বা প্রতিষ্ঠানের' এর পর 'বা সরকারী কর্মকর্তা-কর্মচারীদের কল্যাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের' শব্দসমূহ সংযোজিত হইবে;

(ঘ) দফা (খ) এর উপ-দফা (আ) তে '১০ (দশ) বৎসরের' এর পরিবর্তে '২ (দুই) বৎসরের' সংখ্যা, বন্ধনী ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(ঙ) দফা (গ) এ 'অগ্রাধিকার প্রদান করা যাইবে' পরিবর্তে 'অভিজ্ঞতার শর্ত কর্তৃপক্ষ শিথিল করিতে পারিবে' শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(চ) দফা (গ) এর-

(অ) উপ-দফা (৪) এর প্রান্তস্থিত কমার পর 'USA,' শব্দ ও কমা সংযোজিত হইবে;

(আ) উপ-দফা (৫) এ 'এর Fellow' এর পূর্বে ',USA' কমা ও শব্দ সংযোজিত হইবে;

(ই) উপ-দফা (৮) এ 'এর Fellow' এর পূর্বে ', UK' কমা ও শব্দ সংযোজিত হইবে;

(ঈ) উপ-দফা (৯) এ 'এর Fellow' এর পূর্বে ',Bangladesh' কমা ও শব্দ সংযোজিত হইবে;

(উ) উপ-দফা (১০) এর প্রান্তস্থিত কমার পর 'USA,' শব্দ ও কমা সংযোজিত হইবে;

(ঙ) উপ-দফা (১১) এর 'Chartered' এর পরিবর্তে 'Certified' হইবে এবং প্রান্তস্থিত কমার পরিবর্তে 'USA, Canada।' শব্দসমূহ, কমা ও দাঁড়ি সংযোজিত হইবে;

(ছ) দফা (ঘ) ও (ঙ) বিয়োজন হইবে।"

(২) প্রবিধান ৪ এর-

(ক) উপ-প্রবিধান (৩) এ '১৫ (পনের) দিন' এর পরিবর্তে '৬০ (ষাট) দিন' সংখ্যা, বন্ধনী ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-প্রবিধান (৪) এ '১৫ (পনের) দিনের' এর পরিবর্তে '৬০ (ষাট) দিনের' সংখ্যা, বন্ধনী ও শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(৩) প্রবিধান ৫ এর-

(ক) দফা (ছ) এ 'অপসারিত' শব্দের পর 'বা কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যাখ্যাত' শব্দসমূহ সংযোজিত হইবে;

(খ) দফা (জ) এ 'অপসারিত হইলে' শব্দের পর 'বা অপসারণযোগ্য হইলে' শব্দসমূহ সংযোজিত হইবে;

(গ) দফা (জ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দফা (ঝ) সংযোজিত হইবে, যথা:-

"(ঝ) কোন বীমা কোম্পানির পরিচালক, উল্লেখযোগ্য শেয়ারহোল্ডার, পরামর্শক বা উপদেষ্টা হন।"

(৪) প্রবিধান ৭ এর-

(ক) উপ-প্রবিধান (১) এ 'করিতে পারিবে' এর পরিবর্তে 'করিবে' শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-প্রবিধান (৬) এর পর নিম্নরূপ উপ-প্রবিধান (৭) সংযোজিত হইবে, যথা:-

"(৭) মুখ্য নির্বাহী কর্মকর্তার অপসারণযোগ্যতার বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হইলে কর্তৃপক্ষঃ

(ক) প্রবিধান ৭ এর অধীনে কার্যক্রম গ্রহণের জন্য বীমা কোম্পানিকে নির্দেশনা প্রদান করিতে পারিবে;

(খ) সমীচীন মনে করিলে, তদন্ত কমিটি গঠনপূর্বক কারণের যথার্থতা যাচাই করিতে পারিবে এবং অপসারণ করা প্রয়োজন মনে করিলে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া কোন মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অপসারণ করিতে পারিবে।"

(৫) প্রবিধান ৮ এর-

(ক) উপ-প্রবিধান (১) এ 'নিয়োগের' শব্দের পর 'প্রস্তাবিত' শব্দ সংযোজিত হইবে;

(খ) উপ-প্রবিধান (৩) এ 'কাজের যোগ্যতা' এর পরিবর্তে 'কর্মসম্পাদনের মান ও পরিমাণ' শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

ড. এম আসলাম আলম
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ